

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاء

আয়াতঃ ২৬ : ১৭

আরবি মূল আয়াত:

﴿۱۷﴾ أَنْ أَرْسِلَ مَعَنَا بَنِي إِسْرَءِيلَ

অনুবাদসমূহ:

‘যাতে তুমি বনী ইসরাঈলকে আমাদের সাথে পাঠাও’। — আল-বায়ান

বানী ইসরাঈলকে আমাদের সঙ্গে পাঠিয়ে দাও।’ — তাইসিরুল

আমাদের সাথে যেতে দাও বানী ইসরাঈলকে। — মুজিবুর রহমান

[Commanded to say], "Send with us the Children of Israel." — Sahih International

১৭. যাতে তুমি আমাদেরকে সাথে যেতে দাও বনী ইসরাঈলকে।(১)

(১) বনী ইসরাঈল ছিল শাম দেশের বাসিন্দা। তাদেরকে স্বদেশে যেতে ফিরআউন বাধা দিত। এভাবে চার শত বছর ধরে তারা ফিরআউনের বন্দীশালায় গোলামীর জীবন যাপন করছিল। [দেখুন: বাগভী, কুরতুবী]

তাকসীরে জাকারিয়া

(১৭) সুতরাং আমাদের সঙ্গে বনী-ইসরাঈলকে যেতে দাও।’ [1]

[1] অর্থাৎ, একটি কথা তুমি এই বল যে, আমি তোমার কাছে নিজের ইচ্ছায় আসিনি; বরং আল্লাহর প্রতিনিধি ও রসূল হিসাবে এসেছি। আর দ্বিতীয় কথা, তুমি (চারশ’ বছর ধরে) বনী-ইসরাঈলকে দাসত্বের শৃংখলে আবদ্ধ রেখেছ, তাদেরকে মুক্ত ও স্বাধীন করে দাও; আমি তাদেরকে শাম দেশে নিয়ে যাব। যেহেতু এ বিষয়ে আল্লাহ তাদের সঙ্গে ওয়াদা করেছেন।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2949>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন